## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বাংলাদেশ পানি আইন, ২০১৩ বাস্তবায়ন করার লক্ষ্যে বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ে মোট ২৮ টি কর্মশালা আয়োজন করা হয়েছে। পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের ছাড়পত্র এবং ভূ-গর্ভস্থ পানি উত্তোলনের অনাপত্তি পত্র অনলাইন প্রক্রিয়াকরণ শীর্ষক প্রকল্পের আওতায় প্রকল্প ছাড়পত্র প্রদান কার্যক্রম অনলাইন করা হয়। বাংলাদেশের পানির কার্যকরী ছায়ামূল্য নির্ধারণ করা হয়েছে। পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের ছাড়পত্র প্রদান কার্যক্রমের আওতায় ২০১৯ হতে ২০২১ পর্যন্ত সময়ে বিভিন্ন সংস্থার (বাপাউবো, এলজিইডি, নগই ইত্যাদি) মোট ১৩৫ টি প্রকল্প প্রস্তাবের ছাড়পত্র প্রদান করা হয়েছে। ডব্লিউআরই, আইডব্লিউএফএম, বুয়েট এবং দুর্যোগ ব্যবস্থাপনা প্রতিষ্ঠান, কুয়েট এর সাথে তিনটি যৌথ গবেষণা প্রকল্প বাস্তবায়ন করা হয়।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

এনডব্লিউআরডি এবং আইসিআরডি নিয়মিত হালনাগাদকরণ, সমন্বয় সাধন এবং সর্বসাধারণের ব্যবহার উপযোগী করার নিমিত্ত প্রয়োজনীয় অর্থ ও জনবলের অপ্রতুলতা; ওয়ারপো'র প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালীকরণ; মাঠ পর্যায়ে ক্লিয়ারিং হাউজ কার্যক্রম বাস্তবায়নের জন্য ওয়ারপো'র বিভাগীয় ও জেলা পর্যায়ে কার্যালয় স্থাপন। বাংলাদেশে পানি সম্পদের সুষম ও সমন্বিত ব্যবস্থাপনা ও পরিকল্পনার জন্য জাতীয় পানি সম্পদ পরিকল্পনা (এনডব্লিউআরপি) প্রণয়ন ও বাস্তবায়ন।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

ওয়ারপো'র প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালীকরণ, বিভাগীয় শহরের জেলা পর্যায়ে ওয়ারপো'র কার্যালয় স্থাপন ও কার্যকর করা; বাংলাদেশ পানি আইন, ২০১৩ মাঠ পর্যায়ে বাস্তবায়ন; ক্লিয়ারিং হাউজ কার্যক্রম অনলাইনে কার্যকর করা, এনডব্লিউআরডি ও আইসিআরডি হালনাগাদকরণ ও বাংলাদেশ পানি আইন, ২০১৩ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় টুলস ও টেকনিক তৈরীর জন্য গবেষণা প্রকল্প বাস্তবায়ন। বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর কার্যকর প্রয়োগে বাংলাদেশের পানি সম্পদের প্রাপ্যতা এবং ভূ-গর্ভস্থ পানিধারক স্তরের নিরাপদ আহরণ সীমা নিরুপন। বাংলাদেশে পানি সম্পদের সুষম ও সমন্বিত ব্যবস্থাপনা ও পরিকল্পনার জন্য এনডব্লিউআরপি প্রণয়ন করা।

**২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ৭ টি জেলা সদরে ওয়ারপোর জেলা কার্যালয় স্থাপন ও মাঠ পর্যায়ে সমন্বিত পানি ব্যবস্থাপনা বাস্তবায়ন করা; প্রকল্প ছাড়পত্র ও ভূ-গর্ভস্থ পানি উত্তোলনের অনাপত্তি প্রদানের লক্ষ্যে অনলাইন পদ্ধতিতে ডাটা প্রাপ্তির আবেদন গ্রহণ, প্রক্রিয়াকরণ এবং ছাড়পত্র প্রদান কার্যক্রম কার্যকর করা; অনলাইন পদ্ধতিতে ডাটা প্রাপ্তির আবেদন গ্রহণ ও নিষ্পত্তিকরণ; গবেষণা প্রকল্প বাস্তবায়ন।

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] নির্ধারিত সময়ে (৬০ দিন) পানি সম্পদ সংশ্লিষ্ট প্রকল্প প্রস্তাব সমূহের ছাড়পত্র প্রদান। | [১.১.১] ছাড়কৃত প্রকল্পের শতকরা হার | পানি সম্পদ শাখা, পরিবেশ, বন ও মৎস্য শাখা, কৃষিতত্ত্ব শাখা এবং পরিবীক্ষণ ও মূল্যায়ন শাখা | প্রতিবেদন |
| [২.১] মাঠ পর্যায়ে ওয়ারপো'র বিভাগীয়, জেলা কার্যালয় স্থাপন ও মাঠ পর্যায়ে ওয়ারপো'র কার্যক্রম কার্যকর করা। | [২.১.১] কার্লযায়ের সংখ্যা ও মিটিং মিনিটস | প্রশাসন শাখা | প্রতিবেদন ও দাপ্তরিক পত্র |
| [৩.১] মাঠ পর্যায়ে পানি সম্পদ খাতের বিভিন্ন সংস্থার সাথে সমন্বয় সাধনের জন্য বিভিন্ন উন্নয়ন প্রকল্পে পরিদর্শন, কর্মশালা, সমন্বয় সভা ও প্রশিক্ষণের আয়োজন করা। | [৩.১.১] প্রকল্প পরিদর্শন, কর্মশালা, সমন্বয় সভা ও প্রশিক্ষণের সংখ্যা | পানি সম্পদ শাখা, পরিবেশ, বন ও মৎস্য শাখা, কৃষিতত্ত্ব শাখা এবং পরিবীক্ষণ ও মূল্যায়ন শাখা | প্রতিবেদন ও দাপ্তরিক পত্র |
| [৪.১] পানি সম্পদ খাতের বিভিন্ন সংস্থার দুইটি প্রকল্প পরিদর্শন, পরিবীক্ষণ ও মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতকরণ। | [৪.১.১] প্রতিবেদন | পরিবীক্ষণ ও মূল্যায়ন শাখা | প্রতিবেদন ও দাপ্তরিক পত্র |
| [৫.১] এনডব্লিউআরডি ও আইসিআরডি হতে তথ্য-উপাত্ত বিতরণ। | [৫.১.১] প্রদত্ত উপাত্তের শতকরা পরিমাণ | কম্পিউটার ও তথ্য শাখা | প্রতিবেদন ও দাপ্তরিক পত্র |

